

রঞ্জাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী#১৯, রোড #১/বি
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের মার্চ, ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

বিজ্ঞাখস মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রঞ্জাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের মার্চ, ২০১৮ মাসের মাসিক সভা ১১/০৩/২০১৮ ইং তারিখ রোজ রবিবার সকাল ১২.৩০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মোঃ সেলিম ভূঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন টিমের সদস্যগণ উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় ইনোভেশন আইডিয়া উপস্থাপনকারী কর্মকর্তাবৃন্দ ও আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ, গাজীপুর, রাউজান) ইনোভেশন টিমের সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহণ করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয় :

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির উপর আলোচনা	সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং উক্ত প্রতিবেদনের উপরে বিস্তারিত আলোচনা করা হয়(অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত)।	প্রতি মাসের মাসিক সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আলোচনা করার বিষয়টি অব্যাহত রাখার ব্যাপারে এবং প্রতিমাসে নিয়মিত মন্ত্রনালয়ের ইনোভেশন টিমের নিকট প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
২	ইনোভেশন টিম পুনঃগঠন	আরপিসিএল এর আওতাধীন গাজীপুর বিদ্যুৎ কেন্দ্রের পুনঃগঠিত ইনোভেশন টিমের নতুন আহবায়ক তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ সাজ্জাদ হায়দার খান কে সভায় স্বাগত জানানো হয়।	মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন এ বর্ণিত কর্মপরিকল্পনা অনুযায়ী দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হয়।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গাজীপুর বিদ্যুৎ কেন্দ্র
৩	প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহ নিয়ে আলোচনা	সদরদপ্তর ও বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্র থেকে ১১টি উদ্ভাবনী আইডিয়া পাওয়া যায়। প্রত্যেক উদ্ভাবনী আইডিয়া প্রেরনকারী কর্মকর্তাগণ তাদের আইডিয়ার উপর প্রেজেন্টেশন প্রদান করেন এবং আইডিয়া সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপস্থাপিত ১১ টি আইডিয়ার মধ্যে একটি আইডিয়া গ্রহনযোগ্য বলে বিবেচিত হয়। বাকি ১০ টি আইডিয়ার মধ্যে ০৩ টি আইডিয়া SIP হিসাবে মনোনয়নের জন্য সদর দপ্তরে প্রস্তাব প্রেরনের নির্দেশনা প্রদান করা হয়। বাকি ০৬টি আইডিয়াকে অর্থবহ ও প্রাসঙ্গিক নাম যুক্ত করে টি.সি.ভি উল্লেখ করতঃ আরও বিশদভাবে প্রস্তুত করে আগামী ০৭ দিনের মধ্যে পুনরায় দাখিলের জন্য অনুরোধ করা হয়। বর্ধিত ০৭ দিনের মধ্যে যেকোনো কর্মকর্তা/কর্মচারী আইডিয়া দাখিল করলে তা গ্রহণ করা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল ইনোভেশন অফিসার

8	SIP নিয়ে আলোচনা	আরপিসিএল এর APA তে SIP(Small Improvement Project) এর লক্ষ্যমাত্রা ২৫ টি। এ লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে প্রতিটি বিদ্যুৎ কেন্দ্র থেকে ৮টি করে SIP গ্রহণ করার জন্য আহবান জানানো হলেও অদ্যবধি অগ্রগতি সন্তোষজনক নয়।	আগামী জুন, ২০১৮ মাসের মধ্যে SIP লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে আহবান জানানো হয়।	সকল ইনোভেশন অফিসার
---	------------------	--	--	--------------------

এছাড়াও সভাপতি কর্মক্ষেত্রে সেবা সহজীকরণ ও ইনোভেশন বিষয়ে সকলকে অবগত করার জন্য ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দকে আহবান জানান। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সেলিম ভূঁইয়া)

ইনোভেশন অফিসার

ও

নির্বাহী পরিচালক (প্রকৌশল)

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩.২৬৭

তারিখঃ ১৩/০৩/২০১৮ ইং

সংযুক্তি :

১. আরপিসিএল এর ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার মার্চ, ২০১৮ মাসের অগ্রগতির প্রতিবেদন।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ-সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রণালয়, ঢাকা।
৪. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
৫. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
৬. অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) :

১. সকল ইনোভেশন অফিসার, আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
২. প্ল্যান্ট ইনচার্জ, জিপিপি, গাজীপুর। (আলোচ্যসূচী-২ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩. সকল আইডিয়া উপস্থাপনকারী কর্মকর্তা। (আলোচ্যসূচী-৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৪. সহকারী ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের ই-মেইলে প্ররণের ব্যবস্থা নিবেন)

